এই প্রথম নাঃগঞ্জে পরীক্ষার ফলাফল বিপর্যয়ের কারণ ও উত্তরণে করণীয় সংক্রান্ত মতবিনিময় সভা অনুষ্ঠিত

“কেবল নয় ফলাফলমুখী শিক্ষা বিকশিত হোক মানবতার দীক্ষা” এই শ্লোগান কে সামনে রেখে নারায়ণগঞ্জ জেলা প্রশাসকের উদ্যোগে অনুষ্ঠিত হলো বাংলাদেশে এই প্রথম
এইচএসসি ও সমমান পরীক্ষা-২০২৫ এর ফলাফল বিপর্যয়ের কারণ ও উত্তরণে করণীয় সংক্রান্ত মতবিনিময় সভা।

৪ নভেম্বর মঙ্গলবার সকাল ১১ টায় জেলা শিল্প কলা একাডেমির হলরুম মিলনায়তনে এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

নারায়ণগঞ্জ জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট মোহাম্মদ জাহিদুল ইসলাম মিঞা’র সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন
শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এর অতিরিক্ত সচিব শোয়াইব আহমেদ খান। এ সময় গেস্ট অফ অনার হিসেবে উপস্থিত ছিলেন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর চেয়ারম্যান প্রফেসর ড. খন্দকার এনামুল কবির।

মতবিনিময় সভায় উদ্বোধনী বক্তব্য দেন নারায়ণগঞ্জ কলেজ এর অধ্যক্ষ ড.ফজলুল হক রুমন রেজা।পরবর্তীতে জেলা পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ ও শিক্ষকগণ তাদের বক্তব্যে শিক্ষা প্রতিষ্ঠানের ও শিক্ষার্থীদের মানোন্নয়নে বিভিন্ন দিক নির্দেশনা মূলক গুরুত্বপূর্ণ মতামত তুলে ধরেন।এবং ঊর্ধ্বতন সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে আহ্বান জানান সারা বাংলাদেশে এইরকম মতবিনিময় সভার আয়োজন করার জন্য। তাহলে অবশ্যই শিক্ষার মান উন্নয়নে উন্নতি হবে।

এ সময় প্রধান অতিথির বক্তব্যে শোয়াইব আহমেদ খান বলেন, শিক্ষার মানোন্নয়নে ও শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে তাদের সংশ্লিষ্ট দপ্তরের বিভিন্ন তথ্য মূলক কার্যক্রমের বিষয়গুলো সকলের সামনে তুলে ধরেন এবং যে কোন অভিযোগ গুরুত্বের সহিত দেখে দ্রুত

সমাধানে ব্যবস্থা নিবেন বলে জানান।

সভাপতির বক্তব্যে নারায়ণগঞ্জ জেলা প্রশাসক মোহাম্মদ জাহিদুল ইসলাম মিঞা বলেন, এবারের পরীক্ষায় নারায়ণগঞ্জের চিত্র যখন দেখি সেখানে ২২ হাজার ছেলে মেয়ে পরীক্ষায় অংশ গ্রহণ করে। ১১হাজার ছেলে মেয়ে ফেল করে।তখন এই চিত্র আমাদেরকে সঙ্কোচিত করে তোলে। আজ আমরা দীর্ঘ ক্ষণের আলোচনায় অনেক সমস্যার কথা শুনেছি, অনেক অভিযোগের কথা শুনেছি, আমরা একে অপরের বিরুদ্ধে অভিযোগের দিকে যেতে চাইনা।আমরা চাই আমাদের কাজের দ্বায়িত্ব নিতে ।আমাদের দেশ যারা গড়বে,এই দেশের দ্বায়িত্ব যাদের কাঁধে থাকবে,যাদেরকে গড়ার দ্বায়িত্ব আমরা নিয়েছি,তাদের কি যোগ্য করে আমরা গড়ে তুলতে পারছি কি না? আমরা শিক্ষক হিসেবে তাদের কাছে অনুকরণীয় হতে পারছি কিনা? অনুসরণীয় হতে পারছি কিনা? আসুন আমরা আমাদের সন্তানকে যোগ্য মানুষ হিসেবে গড়ে তুলি। কেবল নয় ফলাফল মুখী শিক্ষা বিকশিত হোক মানবতার দীক্ষা। এই প্রতিপাদ্য কে গুরুত্ব সহকারে কাজে লাগাতে হবে প্রতিটি শিক্ষার্থীর জীবনে বাস্তবায়ন করতে হবে। শুধু শিক্ষিত করলে হবে না মানবিক গুণ সম্পন্ন শিক্ষিত করতে হবে।

এ সময় বক্তব্য রাখেন নারায়ণগঞ্জ জেলা পুলিশ সুপার মোহাম্মদ জসীমউদ্দিন বলেন সবার সমন্বয়েই পারে শিক্ষা ক্ষেত্রে মান উন্নয়নের সর্বোচ্চ ভূমিকা পালন করতে। নারায়ণগঞ্জ সিভিল সার্জন আ.ফ.ম মশিউর রহমান। এছাড়াও অন্যান্যদের মধ্যে উপস্থিত থেকে বক্তব্য রাখেন,নারায়ণগঞ্জ জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক মাসুকুল ইসলাম রাজিব,গণসংহতি আন্দোলন নারায়ণগঞ্জ জেলার সন্ময়ক তরিকুল ইসলাম সুজন,
নারায়ণগঞ্জ প্রেস ক্লাবের সভাপতি আবু সাউদ মাসুদ, জামায়েতী ইসলাম এর কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য মাওলানা মাইনুদ্দীন,নারায়ণগঞ্জ মহানগর বিএনপির সদস্য সচিব এড.আবু আল ইউসুফ খান টিপু,ইসলামি শাষনতন্ত্র আন্দোলন মহানগর সভাপতি মুফতি মাসুদ বিল্লাহসহ প্রমূখ।

মতবিনিময়ের এ সভায় উপস্থিত ছিলেন শিক্ষার্থীদের অভিভাবক, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক ও শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন কর্মকর্তাসহ নারায়ণগঞ্জ জেলা প্রশাসনের উচ্চ পদস্ত কর্মকর্তাবৃন্দ।